# গুগল সার্চের কিছু কৌশল

সিয়াম মোয়াজ্জেম

বর্তমানে বিশ্বে সবচেয়ে বেশি ব্যবহার হওয়া এবং জনপ্রিয় সার্চ ইঞ্জিনগুলোর মধ্যে গুগল অন্যতম। প্রয়োজনীয় তথ্য খুঁজে পাওয়ার জন্য ব্যবহারকারীরা প্রথমেই গুগলের সাহায্য নেয়। বিস্ময়কর ব্যাপার, বেশিরভাগ ব্যবহারকারীই গুগলে তাদের সার্চ কার্যক্রম পরিচালনা করেন গতানুগতিক ধারায়। এর ফলে কাঙ্ক্ষিত তথ্য খুঁজে পেতে অনেক সময় নষ্ট হয়। অথচ গুগলের কিছু সার্চ কৌশল রপ্ত করতে পারলে ব্যবহারকারীরা যেকোনো ধরনের তথ্য দ্রুত খুঁজে পেতে পারেন। মাত্র কয়েকটি ওয়ার্ড টাইপ করে একজন ব্যক্তি মুহূর্তের মধ্যে বিশ্বের সংগৃহীত তথ্যের মহাসাগরে অ্যাক্সেস করতে পারেন। যেমন মলদোভার রাজধানী কোনটি জানতে চান? (চিশিনাও), সূর্যের কক্ষপথ পরিক্রমণ করতে নেপচুনের কত সময় লাগে? (১৬৪.৭৯ বছর), ইত্যাদি আরও অনেক কিছু।

গুগল ছাড়াও বেশ কিছু সার্চ ইঞ্জিন আছে, যেগুলো ব্যবহারকারীর কাঙ্ক্ষিত ফলাফল তাৎক্ষণিকভাবে উপস্থাপন করতে পারে। তবে এ লেখায় শুধু গুগলকেন্দ্রিক সার্চ কৌশল দেখানো হলো। পরবর্তী পর্যায়ে অন্যান্য সার্চ ইঞ্জিনের আলোকে সার্চ কৌশল তুলে ধরা হবে।

**ট্যাব ব্যবহার :** গুগল সার্চের প্রথম টিপ হলো ট্যাব ব্যবহার করা। প্রতিটি সার্চের একেবারে ওপরে থাকে বেশ কিছু ট্যাব। যেমন- Web, Image, News এবং More। সাধারণত এই ট্যাবগুলো ব্যবহার করে সহায়তা পাবেন আপনার সুনির্দিষ্ট কাঙ্ক্ষিত তথ্য সার্চ করতে। যদি আপনার ইমেজ দরকার হয়, তাহলে ইমেজ ট্যাব ব্যবহার করুন। যদি আপনি সাম্প্রতিক নিউজ আর্টিকেল অনুসন্ধান করতে চান, তাহলে নিউজ ট্যাব ব্যবহার করুন। এটি খুব প্রাথমিক এবং সবচেয়ে বেশি ব্যবহার হওয়া ট্যাব। যদি আপনি এতে অভ্যস্ত হয়ে উঠতে না পারেন, তাহলে তা অচিরে রপ্ত করে নিন।

**সার্চ মডিফায়ার :** গুগলের সার্চ অ্যালগরিদম ব্যবহারকারীর অনুসন্ধান করা কাঙ্ক্ষিত তথ্যকে উল্লেখযোগ্যভাবে দ্রুতগতিতে ব্যবহারকারীর সামনে তুলে ধরতে সক্ষম। এমনকি আপনি যদি সুনিশ্চিত হতে না পারেন, তাহলেও। তবে যদি সুস্পষ্টভাবে জানেন আপনার কোন ধরনের তথ্য দরকার, তাহলে আপনার সার্চ ফলাফলকে রিফাইন করতে পারবেন বেসিক মডিফায়ার ব্যবহার করে। এ লেখায় তেমন কিছু কৌশলের তালিকা তুলে ধরা হলো, যা আপনার জানা থাকা দরকার।

**মাইনাস (-) চিহ্ন ব্যবহার করে টার্ম বাদ দেয়া :** ধরুন, অ্যামাজন রেইন ফরেস্টের ওয়াইল্ডফায়ার সম্পর্কে আপনি জানতে চাচ্ছেন। তবে এ ক্ষেত্রে জেফ বেজসের হার্ডওয়্যারের খবর আপনার কাছে অপ্রয়োজনীয়, যা আপনি জানতে চান না। এ ক্ষেত্রে আপনি মাইনাস (-) চিহ্ন ব্যবহার করতে পারেন অপ্রয়োজনীয় সব টার্ম বাদ দেয়ার জন্য। এজন্য ব্যবহার করতে পারেন- amazon fire -kindle -phone –tv.

**সার্চ কম্বাইন করতে 'OR' ব্যবহার :** দুটি ভিন্ন অথচ সম্পর্কযুক্ত তথ্যের ক্ষেত্রে আপনি 'OR' মডিফায়ার ব্যবহার করতে পারেন। গুগল সাধারণত ক্যাপিটাইলাইজেশন এড়িয়ে যায়, তবে এ ক্ষেত্রে আপনার দরকার অল ক্যাপে 'OR' ব্যবহার করা । এর ফলে গুগল ফলাফল দেবে ভিন্ন রূপে। ধরুন, আপনি রাজধানী সিটি Tenessee বা Spain-এর তথ্য জানতে চাচ্ছেন। এ ক্ষেত্রে সার্চ টার্মটি আপনাকে লিখতে হবে capital city Tennessee OR Spain। এরফলে শুধু টেনেসি বা স্পেনের তথ্য পাওয়া যাবে অন্য কিছু নয়।

**হুবহু কোনো তথ্য অনুসন্ধানে কোটেশন ব্যবহার :** একটি বিষয় সম্পর্কে হুবহু তথ্য পেতে চাচ্ছেন, অন্য কোনো কিছু নয়। সে ক্ষেত্রে ব্যবহার করা উচিত ডাবল কোটেশন। ধরুন, আপনি "Danny Devito hair" সার্চ করলেন, যেখানে উপরে উল্লিখিত প্রতিটি ওয়ার্ডই আছে হুবহু ফলাফল হিসেবে শুধু সেইটি আসবে অন্য কিছু নয়। অর্থাৎ সার্চ ফলাফল হবে অনুরূপভাবে। তবে কোটেশন ছাড়া Danny Devito hair দিয়ে সার্চ করলে ফলাফল ভিন্ন হবে, যেখানে উপরে উল্লিখিত সব ওয়ার্ডই থাকবে। তবে আপনি যে অর্ডারে অর্থাৎ যেভাবে সার্চ করেছেন হুবহু ঠিক সেভাবে ফলাফল পাবেন না।



**সার্চ কোয়ালিফায়ার :** গুগল সার্চ বিভিন্ন ধরনের সার্চ কোয়ালিফায়ার সাপোর্ট করে, যা সার্চ ফলাফলকে আরও অধিকতর ফিল্টার করতে সহায়তা করে। নিচে কয়েকটি সার্চ কোয়ালিফায়ার তুলে ধরা হলো :

**একটি সিঙ্গেল ওয়েবসাইটের অভ্যন্তরে সার্চ করা :** যদি আপনি শুধু একটি সাইটের মধ্য থেকে ফলাফল পেতে চান, তাহলে Site : সার্চ টার্ম ব্যবহার করার পর সাইট ইউআরএল ব্যবহার করুন। এ ক্ষেত্রে আপনাকে অবশ্যই সাইটের ডোমেইন সম্পৃক্ত করতে হবে। যেমন- Galaxy S site : pcmag.com তবে Galaxy S site : PCmag. লিখলে কাঙ্ক্ষিত ফলাফল পাওয়া যাবে না।

**শুধু সার্চ টাইটেল ব্যবহার করা :** সার্চ টার্ম intitle : ব্যবহার করুন ওয়েব পেজ টাইটেলে ওয়ার্ড অনুসন্ধান করার জন্য। যেমন- grasshoppers intitle : gross ব্যবহার করলে grasshoppers সম্পর্কিত সাইটের ফলাফল হিসেবে আসবে, যেখানে "gross" টাইটেল হিসেবে থাকবে।

**ওয়ার্ড বাদ দিতে হাইফেন ব্যবহার :** কখনও কখনও আপনাকে হয়তো অনিশ্চিত বা অভিপ্রায়বিশিষ্ট হয়ে কোনো কিছু সার্চ করতে হয়, যেমন- সার্চ টার্মে লিখলেন Mastang। এর ফলে ফলাফল হিসেবে আপনি পেতে পারেন ফোর্ড নির্মিত গাড়ি বা ঘোড়াসংশ্লিষ্ট ওয়েব পেজ লিঙ্ক। যদি আপনি একটি বাদ দিতে চান, তাহলে সার্চ ইঞ্জিনের একটি কনটেন্টকে বাদ দেয়ার জন্য হাইফেন ব্যবহার করতে পারেন। এ ক্ষেত্রে আপনার সার্চ কৌশল হবে Mustang -cars। এর ফলে সার্চ ইঞ্জিন মাসটাং ঘোড়ার জন্য সার্চ করবে, তবে অন্য সব কিছু বাদ দেবে, যেখানে 'car' শব্দটি আছে। এটি খুবই সহায়ক হতে পারে, বিশেষ করে যখন সুনির্দিষ্ট কিছু তথ্য পেতে চান অন্য সবকিছু বাদ দিয়ে।

**একটি পেজ খোঁজ করা, যা অন্য পেজকে লিঙ্ক করে :** এই গুগল টিপ অনেকের কাছে কিছুটা অপরিচিত। সুনির্দিষ্ট পেজ সার্চ করার পরিবর্তে আপনি একটি পেজ সার্চ করতে পারেন, যা সুনির্দিষ্ট কোনো পেজকে লিঙ্ক করে। ধরুন, আপনি দেখতে চাচ্ছেন কে New York Times আর্টিকেলটি তাদের সাইটে উল্লেখ করেছে। এ ক্ষেত্রে এই টিপটি বেশ সহায়ক হবে সব সাইট খুঁজে পেতে, যেগুলো এর সাথে লিঙ্ক আছে। যেমন- link:nytimes.com এ কৌশল আপনাকে দেবে সব পেজ, যেগুলো New York Times-এর অফিসিয়াল সাইটের সাথে লিঙ্ক করা আছে। ডান দিকের ইউআরএলটি বস্তুত যেকোনো কিছু হতে পারে। লক্ষণীয় : সার্চ টার্ম যত বেশি সুনির্দিষ্ট হবে, ফলাফল হিসেবে তত কম তথ্য পাবেন। এ কথা সত্য, গুগল সার্চের এ কৌশলটি বেশিরভাগ ব্যবহারকারী জানেন না, তবে এটি খুব সহায়ক এক সার্চ কৌশল।

**অ্যাশটাররিস্ক ওয়াইল্ড কার্ড তথা তারকা চিহ্ন ব্যবহার :** গুগল সার্চ কৌশলে সবচেয়ে সহায়ক কৌশলগুলোর মধ্যে অন্যতম একটি হলো অ্যাশটাররিস্ক ওয়াইল্ড কার্ড ব্যবহার করা। গুগলে যখন কোনো সার্চ টার্মে অ্যাশটাররিস্ক তথা তারকা চিহ্ন ব্যবহার করা হয়, তখন এটি একটি প্লেসহোল্ডার রেখে দেবে, যা পরবর্তী সময়ে সার্চ ইঞ্জিনের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে পূর্ণ হবে। গানের লিরিক খুঁজে বের করার জন্য এটি একটি চমৎকার উপায়, যদি আপনি গানে ব্যবহার হওয়া সব ওয়ার্ড জেনে নাও থাকেন তাহলে কাঙ্ক্ষিত ফলাফল পাবেন। এর সিনট্যাক্স নিম্নরূপ : "Come * right now * me"

এটি হয়তো আপনার কাছে বোকার মতো মনে হবে। তবে, যাই হোক, গুগল সার্চ ওই ফ্রেজের জন্য সার্চ করবে।

**এমন সাইট খুঁজে বের করা, যা অন্যান্য সাইটের মতো :** এটি এমন এক ইউনিক কৌশল, যা প্রত্যেকে প্র্যাকটিক্যালি ব্যবহার করতে পারেন, যদি এগুলোর অস্তিত্ব সম্পর্কে ধারণা থাকে। ধরা যাক, আপনার একটি প্রিয় ওয়েবসাইট রয়েছে। এটি যেকোনো কিছুর হতে ►

পারে। তবে যাই হোক, এক্ষেত্রে ওয়েবসাইট খুঁজে পাওয়াটা কিছুটা বিরক্তিকর মনে হতে পারে এবং এ ধরনের অন্য ওয়েবসাইট আপনি হয়তো খুঁজে পেতে চাইবেন। এজন্য নিচে বর্ণিত কৌশলটি ব্যবহার করতে পারেন :

related : amazon.com

যদি উপরে উল্লিখিতভাবে সার্চ করেন, তাহলে অ্যামাজনের কোনো লিঙ্ক খুঁজে পাবেন না। এর পরিবর্তে আপনি অনলাইন স্টোরের লিঙ্ক খুঁজে পাবেন অ্যামাজনের মতো। Barnes & Noble, Best Buy এবং অন্যান্য যা অনলাইনে ফিজিক্যাল আইটেম বিক্রি করে। এটি একটি শক্তিশালী গুগল সার্চ টুল, যা আপনাকে সহায়তা করতে পারবে ব্রাউজের জন্য নতুন সাইট।

**ম্যাথ করার জন্য গুগল সার্চ ব্যবহার :** গুগল সার্চ আপনার জন্য গণিতের কাজ করতে পারে। এটি বর্ণনা করা কিছুটা জটিলও। কেননা, এটি বিভিন্নভাবে ব্যবহার হতে পারে। আপনি কিছু বেসিক প্রশ্ন কিংবা জটিল কিছু প্রশ্ন করতে পারেন। গুরুত্বপূর্ণ বিষয় হলো– এটি সব গণিতের সমস্যা সমাধান না করলেও মোটামুটিভাবে ভালো পরিমাণে গণিতের সমস্যার সমাধান করে থাকে। নিচে কয়েকটি নিয়মের দৃষ্টান্ত তুলে ধরা হয়েছে :

8 * 5 + 5

Planck’s Consant

যদি আপনি প্রথমটি সার্চ করেন, তাহলে ফলাফল হিসেবে পাবেন 45। এ সময় একটি ক্যালকুলেটরও প্রদর্শিত হবে, যা ব্যবহার করা যায় আরও প্রশ্নের উত্তর জানার জন্য। এটি বেশ সহায়ক হতে পারে, যদি আপনি দ্রুতগতিতে কিছু করতে চান, তবে নিজের মাথা খাটিয়ে নয় তাহলে এটি ব্যবহার করতে পারেন। যদি আপনি দ্বিতীয় টার্ম সার্চ করেন, তাহলে এটি রিটার্ন করবে Planck’s Constant। সুতরাং এটি ম্যাথ করতে পারে। জ্ঞাত ম্যাথাম্যাটিক্যাল প্রদর্শনের মাধ্যমে এটি আপনাকে সহায়তা করবে ম্যাথ সমস্যা সমাধানে।

**মাল্টিপল ওয়ার্ড এক সাথে সার্চ করা :** গুগল সার্চ ফ্লেক্সিবল। গুগল জানে একটি সিঙ্গেল ওয়ার্ড বা ফ্রেজের মাধ্যমে আপনি হয়তো যা চাচ্ছেন, তা হয়তো খুঁজে পেতে নাও পারেন। তাই আপনাকে সুযোগ দেবে মাল্টিপল সার্চের। এই কৌশল ব্যবহার করে আপনি দ্বিতীয় ওয়ার্ড বা ফ্রেজসহ একটি ওয়ার্ড বা ফ্রেজ সার্চ করতে পারবেন। আপনি সত্যিকার অর্থে কী সার্চ করছেন তা খুঁজে পাওয়ার ঝামেলা কমানো, যাতে আপনি যা খোঁজ করছেন, হুবহু তা খুঁজে পেতে পারেন। এর নিয়ম নিচে তুলে ধরা হয়েছে। “” ”

“Best ways to prepare for a job interview” OR “How to prepare for a job interview”

-এর মাধ্যমে সার্চ করলে আপনি উভয় ফ্রেজ পাবেন। উপরের টিপটি লক্ষ করুন। এখানে উল্লিখিত উদারহণ দুটিতে সার্চ হবে হুবহু ফ্রেজ অনুযায়ী। এটি শুধু ওয়ার্ড ব্যবহার করেও সার্চ করতে পারেন। যেমন– chocolate OR white chocolate.

এভাবে সার্চ করলে যেসব পেজে chocolate বা white chocolate আছে, সেগুলো সার্চ করবে।

**এক রেঞ্জের নাম্বার সার্চ করা :** আরেকটি প্রয়োজনীয় অথচ আমাদের অনেকেরই অজানা সার্চ কৌশল হলো এক রেঞ্জের নাম্বার সার্চ করা। এটি আমাদের কাছে খুব একটা বিবেচিত হতে দেখা যায় না। যারা অর্থ বা পরিসংখ্যানসংশ্লিষ্ট বিষয়ে বেশি ব্যস্ত থাকেন, তাদের কাছে এই টিপটি বেশ সহায়ক হবে। গুগল সার্চে এ ক্ষেত্রে দুটি ডট ব্যবহার করা যায় সুনির্দিষ্ট রেঞ্জের নাম্বার অনুসন্ধান করার জন্য। নিচের দৃষ্টান্ত দুটি খেয়াল করুন :

What teams have won the Stanley cup..2004

41..43

এ ক্ষেত্রে প্রথম দৃষ্টান্তে গুগল সার্চ করবে ২০০৪ সালের Stanley Cup 2004-এ টসে কে জিতেছে। দুই ডটসহ এক নাম্বার সার্চকে বলবে ২০০৪ সালের আগে বা পরে অন্য কিছু দরকার নেই ফলাফল হিসেবে। এই কৌশল সুনির্দিষ্ট নাম্বার সার্চ করার ক্ষেত্রে খুবই সহায়ক ভূমিকা রাখবে।

দ্বিতীয় দৃষ্টান্তে গুগল সার্চ করবে ৪১, ৪২ ও ৪৩ নাম্বারের জন্য। এটি খুবই দুর্বোধ্য হলেও খুবই সহায়ক, যদি আপনি এ ধরনের সার্চ কার্যক্রম পরিচালনা করতে চান কজ

*ফিডব্যাক : siam.moazzem@gmail.com*